

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১২তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৫২/২০১৩

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখঃ ০৬/০৬/২০১৩খ্রিঃ।

২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বাংলা।

### বন্দরে অবস্থানরত প্রাইভেট আই সি ডি গামী কন্টেইনার সমূহ বন্দর থেকে ডেলিভারী সংক্রান্ত দৃষ্টি আকর্ষণ

এতদ্বারা এসোসিয়েশনের সকল সদস্য/সদস্যগণকে জানানো যাচ্ছে, প্রাইভেট আইসিডি থেকে ডেলিভারী গ্রহনযোগ্য ২৯ (উনত্রিশ) আইটেম আমদানি পণ্যবাহী কন্টেইনার যথাসময়ে আইসিডিতে স্থানান্তর হচ্ছে না। এ বিষয়ে এসোসিয়েশনের জোরালো দাবীর প্রেক্ষিতে, আলাপ-আলোচনার পর চট্টগ্রাম কাস্টম হাউস কর্তৃপক্ষ নিম্নবর্ণিত আদেশ প্রদান করেছেন।

- ১। একই চালানের বিপরীতে আমদানিকৃত কন্টেইনার হতে আংশিক প্রাইভেট আইসিডি তে স্থানান্তরিত হলে তা (আংশিক) ডেলিভারী গ্রহন করা যাবে।
- ২। আইসিডি গামী পণ্য চালানের কন্টেইনার সমূহ, আমদানিকারক/সি এন্ড এফ এজেন্টের আবেদনের বিপরীতে কর্তৃপক্ষ চট্টগ্রাম বন্দর থেকে ডেলিভারী গ্রহনের অনুমতি প্রদান করবেন। সহকারী কমিশনার (প্রিভেন্টিভ) মহোদয় বরাবরে আবেদন করে এ সংক্রান্ত অনুমতি গ্রহন করতে হবে।

এ আদেশ অবিলম্বে (০৫/০৬/২০১৩ইং হতে ) কার্যকর হয়েছে।

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং

এজেন্টস্ এসোসিয়েশন।

পৃষ্ঠা নং- ৫৪